জরুরী তাগিদপত্র - ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(স্থানীয় সরকার শাখা)
www.sylhetdiv.gov.bd

০৩.০৪.১৪২৩ বাং
স্মারক নং-৪৬.৪৬.০০০০.০০৭.০১.০৩২.১৬-২১১(৭) তারিখঃ ------------------
১৮.০৭.২০১৬ খ্রিঃ

বিষয়ঃ সিলেট বিভাগাধীন উপজেলা/ইউনিয়ন পরিষদ এবং পৌরসভাসমূহের সৃষ্টিকাল হতে হালসন পর্যন্ত অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর স্মারক নং-৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭. ১৫-১৯১, তারিখ: ০৯.০৫.২০১৬ খ্রিঃ।
(২) এ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪৬.০০০০.০০৭.০১.০৩২.১৬-১৭১, তারিখ: ০৯/০৬/২০১৬ খ্রিঃ।
(৩) গত ১৩/০৭/২০১৬ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের অডিট -২ শাখার উপ-সচিব এর সাথে টেলিফোনিক আলাপ।
(৪) এ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪৬.০০০০.০০৭.০১.০৩২.১৬-২০০, তারিখ: ১৩/০৭/২০১৬ খ্রিঃ।
(৫) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং-৪৬.০৪৮.০৬.০০.০০০.০২৭.১৫-২৯৫, তারিখ: ১৩/০৭/২০১৬ খ্রিঃ
(৬)স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং-৪৬.০৪৯.০২০.০২.০০.০০১.২০১৫-৩০৫,তারিখ:১৪/০৭/২০১৬ খ্রিঃ।
(৭) অদ্য ১৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব (অডিট) জনাব আসমা তামকীন এর সাথে টেলিফোনিক আলাপ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রমতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব (অডিট) জনাব আসমা তামকীন এঁর সাথে অদ্য টেলিফোনিক আলাপে জানা যায়, সিলেট বিভাগের উপজেলা/ইউনিয়ন এবং পৌরসভাসমূহের সৃষ্টিকাল হতে হালসন পর্যন্ত অডিট আপত্তির সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদসমূহের তথ্য নির্ধারিত ছক মোতাবেক অদ্যাবধি প্রেরণ করা হয়নি। এ বিষয়ে তাৎক্ষনিকভাবে এ বিভাগের ডিডিএলজি'গণের সাথে টেলিফোনে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। যথাসময়ে তথ্য প্রদান না করার কারণে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এ বিভাগের সরকারি অফিসের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে।

০২। এমতাবস্থায়, তাঁর জেলার উপজেলা/ইউনিয়ন এবং পৌরসভাসমূহের সৃষ্টিকাল হতে হালসন পর্যন্ত অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য সংগ্রহক্রমে নির্ধারিত ছকে আগামী ২১/০৭/২০১৬ খ্রিঃ তারিখের পূর্বেই স্থানীয় সরকার বিভাগে আবশ্যিকভাবে প্রেরণপূর্বক চাহিত তথ্যের ০১টি সেট এ অফিসের ই-মেইলে (directorlgsyl@gmail.com) প্রেরণ করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

(মোঃ মতিউর রহমান)
পরিচালক, স্থানীয় সরকার
(যুগ্ম সচিব)
সিলেট বিভাগ, সিলেট।
☎০৮২১-৮৪০৭১০
ফ্যাক্সঃ ০৮২১-৮৪০৯১৫
ইমেইলঃ directorlgsyl@gmail.com

জেলা প্রশাসক
সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃআঃ যুগ্ম সচিব(অডিট)
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৪। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। মেয়র, ......................... পৌরসভা (সকল), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৬। চেয়ারম্যান, ........................ইউনিয়ন পরিষদ (সকল), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

জরুরী তাগিদপত্র-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০২০.০২.০০.০০১.২০১৫- ৩০৫ তারিখ ঃ ১৪ জুলাই ২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

সূত্র ঃ (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৪৫, তারিখঃ ১৭/১২/২০১৫ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৬২, তারিখঃ ১৭/১১/২০১৫ খ্রিঃ।
(গ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১৮২, তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ।
(ঘ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ২১৭, তারিখঃ ১২/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদসমূহের নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অপরদিকে সাধারণ আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব সরাসরি সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করে (প্রয়োজন বোধে দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করে) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের প্রত্যয়নপত্রসহ ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের অডিট-২ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে সাধারণ অনুচ্ছেদসমূহের নিষ্পত্তিমূলক প্রত্যয়নপত্র পাওয়া যায়নি। পরবর্তীতে "গ" সূত্রের মাধ্যমে ৩১/০৫/২০১৬ তারিখের মধ্যে ছক মোতাবেক অগ্রিম ও সাধারণ আপত্তির তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। নির্ধারিত তারিখের মধ্যে তথ্য না পাওয়ায় "ঘ" সূত্রের মাধ্যমে জরুরী তাগিদপত্র প্রেরণ করা হলে আংশিক তথ্য পাওয়া গেলেও সকল পৌরসভা হতে অদ্যাবধি চাহিত তথ্য পাওয়া যায়নি।

২। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন অগ্রিম ও সাধাণর অডিট আপত্তির তথ্যাদির উপর সিদ্ধান্তের জন্য আগস্ট মাসে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপিত হবে।

৩। এমতাবস্থার, তাঁর জেলার বিভিন্ন পৌরসভাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ অবস্থা নিম্নলিখিত "ক ও খ" ছক মোতাবেক আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফ্‌ট কপি ই-মেইল নং lgdiqbal@gmail.com প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। (কোন পৌরসভার অডিট আপত্তি না থাকলে শুন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে)।

ছক -"ক"

অগ্রিম ঃ

| কমিক নং | পৌরসভার নাম | আপত্তির অর্থ বছর | অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ | সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

ছক "খ"

সাধারণ ঃ

| কমিক নং | পৌরসভার নাম | আপত্তির অর্থ বছর | অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ | সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

১৪.৭.২০১৬

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)
জেলা ঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট- ১ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ২৯৫ তারিখঃ ১৩ জুলাই ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ সকল উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.৪৯.০০.২০.০০২.০০১.২০১৫- ১১৪৯, তারিখঃ ২৯.১০.২০১৫ খ্রিঃ।
২। স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ১৯১, তারিখঃ ০৯.০৫.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য সংগ্রহের উদ্দেশ্যে সূত্রবর্ণিত ১নং পত্রমূলে বিগত ১০.১১.২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে দেশের সকল উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন সকল অগ্রিম ও সাধারণ অডিট আপত্তির (অনুচ্ছেদের) পূর্ণাঙ্গ তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল।

২। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হয়ে গেলেও যাচিত বিষয়ে বিস্তারিত তথ্যাদি না পাওয়ায় সূত্রবর্ণিত ২নং পত্রমূলে ৩১.০৫.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলার সকল উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত 'ক' ও 'খ' ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।

৩। কিন্তু অদ্যাবধি অধিকাংশ জেলা থেকে এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামী ২১.০৭.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলার সকল উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত 'ক' ও 'খ' ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। অনিষ্পন্ন অডিট আপত্তি না থাকলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে জবাব পাওয়া না গেলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এর যাবতীয় দায়- দায়িত্ব বহন করবেন।

৪। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন সকল অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি পরবর্তী সিদ্ধান্তের জন্য আগস্ট মাসে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপিত হবে।

**বিষয়টি অতীব জরুরী।**

ছকঃ 'ক' অগ্রিম অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি জেলাঃ - - - - - - - - - - - - - - - - - -

| উপজেলা/ইউনিয়ন পরিষদের নাম | অডিটের সন | অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা | অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নং | অডিট আপত্তির সঙ্গে জড়িত অর্থের পরিমাণ | নিষ্পত্তিকৃত অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা | নিষ্পত্তিকৃত অগ্রিম অনুচ্ছেদ নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

ছকঃ 'খ' সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি জেলাঃ - - - - - - - - - - - - - - - - - -

| উপজেলা/ইউনিয়ন পরিষদের নাম | অডিটের সন | অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদের মোট সংখ্যা | অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদ নং | অডিট আপত্তির সঙ্গে জড়িত অর্থের পরিমাণ | নিষ্পত্তিকৃত সাধারণ অনুচ্ছেদের মোট সংখ্যা | নিষ্পত্তিকৃত সাধারণ অনুচ্ছেদ নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

১৩.৭.১৬

(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩২
lgd.gov.audit1@gmail.com

১) জেলা প্রশাসক (সকল)- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - ।
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)- - - - - - - - - - - - - - - - - - - - - - ।